



ইউএসটিসির প্রতিষ্ঠাতা ডিসি জাতীয় অধ্যাপক ডাঃ নূরুল ইসলামের হাতে ১০ লাখ টাকার অনুদানের চেক প্রদান করেন পিএইচপি গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব হুফি মিজানুর রহমান

**ইউএসটিসি'র মেধাবী  
শিক্ষার্থীদের জন্য ১০ লাখ  
টাকার অনুদান চেক**

চট্টগ্রাম ব্যুরো : বিভিন্ন শিল্পপতি শিক্ষানুরাগী ও সমাজ সেবক পিএইচপি গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব হুফি মিজানুর রহমান ইউএসটিসির মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য ১০ লাখ টাকার অনুদান প্রদান করেন। সশ্রুতি তিনি ইউএসটিসির প্রতিষ্ঠাতা ডিসি জাতীয় অধ্যাপক ডাঃ নূরুল ইসলামকে প্রদত্ত এক সংবর্ধনা সভায় অনুষ্ঠানিকভাবে টাকার ব্যাংক চেক হস্তান্তর করেন। তার প্রদত্ত এ টাকা থেকে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ ২ জন মেধাবী শিক্ষার্থী (একজন ছাত্র ও একজন ছাত্রী) এককালীন ৫ হাজার টাকা পাবেন অথবা এমবিবিএস চূড়ান্ত পরীক্ষায় মেধা স্থান অধিকারকারীকে এককালীন ৫ হাজার টাকা প্রদান করা হবে।